



নির্বাচনের জন্য নিবন্ধন করুন

আপনার কমিউনিটির একজন সদস্য হিসাবে, ভোট দেওয়া হল একটি গুরুত্বপূর্ণ অংশ। অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD) নিশ্চিত করতে প্রতিবন্ধ যে, আমরা যেসব ব্যক্তিদের পরিষেবা প্রদান করি তারা যাতে ভোট দিতে পারে তার জন্য নিবন্ধন করার সুযোগ দেওয়া হয়েছে, কারণ বিকাশগত প্রতিবন্ধিতা থাকা নিউ ইয়র্কবাসীদেরও, অন্যদের মত ভোট দেওয়ার অধিকার রয়েছে।

ন্যাশনাল ভোটার রেজিস্ট্রেশন অ্যাক্ট (NVRA) হল ফেডারেল আইন যা সমস্ত আমেরিকানদের ভোট দেওয়ার অধিকার নিশ্চিত করে। আইনের শর্তানুযায়ী, OPWDD-এর মতো স্টেট এজেন্সিকে, ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে ইচ্ছুক ব্যক্তিদের সমর্থন এবং সহায়তা প্রদান করতে হবে।

আপনি যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান, অনুগ্রহ করে সংলগ্ন নিউ ইয়র্ক স্টেট ভোটার রেজিস্ট্রেশন ফর্মটি (ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় উপলব্ধ) পূরণ করে সেটি আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনস-এ ফেরত পাঠান। আপনার যদি কোনো কেয়ার ম্যানেজার থাকে, তাহলে তিনি ফর্মটি পূরণ করে সেটি ফেরত পাঠান আপনাকে সহায়তা করতে পারেন। **আপনার যদি এই ফর্ম বা ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে (518) 474-6220 নম্বরে কল করে বা info@elections.ny.gov-এ ইমেল করে NYS বোর্ড অফ ইলেকশনস-এর সাথে যোগাযোগ করুন।** নির্বাচনে ভোট দেওয়ার আগে আপনার বয়স অবশ্যই 18 বছর হতে হবে, তবে 16 এবং 17 বছর বয়সী নাগরিকরা ভোট দেওয়ার জন্য প্রি-রেজিস্টার করতে পারেন। আপনি প্রি-রেজিস্টার করলে, আপনার কাউন্টি আপনার আবেদন প্রক্রিয়া করবে এবং আপনি 18 বছর বয়সে পৌঁছলে সেটি সক্রিয় হয়ে যাবে।

বিকাশগত প্রতিবন্ধিতা থাকা প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার অধিকার রয়েছে। অভিভাবকের পরিরক্ষণে থাকা নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার অধিকার বজায় থাকে, যদি না অভিভাবক নিয়োগের মূল আদেশের সাথে আদালতের জারি করা এবং একজন বিচারকের স্বাক্ষরিত অতিরিক্ত "অর্ডার অফ ইনকম্পেটেন্স" থাকে। এটি নিউ ইয়র্ক গার্ডিয়ানশিপ ল (SCPA আর্টিকেল 17-A এবং MHL আর্টিকেল 81) উভয়ের অধীনে অভিভাবকত্বের ক্ষেত্রে সত্য। "অর্ডার অফ ইনকম্পেটেন্স" বিরল পরিস্থিতিতে দেওয়া হয় এবং এটি ফাইন্ডিং অফ ইনক্যাপাসিটি, অভিভাবক নিযুক্ত করার অর্ডার অথবা লেটার অফ গার্ডিয়ানশিপ জারি করার থেকে আলাদা। তাই, অভিভাবকত্বে থাকা অধিকাংশ প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার অধিকার আছে।

নিবন্ধন করার জন্য আরো তথ্য বা সহায়তা পেতে, অনুগ্রহ করে OPWDD-এর ন্যাশনাল ভোটার রেজিস্ট্রেশন অ্যাক্ট (NVRA) এর সমগ্র স্টেটের কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করার জন্য NVRA.Coordinator@opwdd.ny.gov-এ ইমেল করুন বা <https://opwdd.ny.gov/access-supports/frequently-asked-questions-about-voting/> পৃষ্ঠা দেখুন। এছাড়া NYS বোর্ড অফ ইলেকশনস-এর কাছে বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের জন্য উপযোগী তথ্য রয়েছে, এবং এদের তরফ থেকে কীভাবে নিবন্ধন করতে হবে, আপনার ভোটিং মেশিন সম্পর্কে জানা, ভোটার অ্যাক্সেস সংক্রান্ত প্রয়োজনীয়তা পূরণ করা এবং আরো অন্যান্য বিষয়ে পরামর্শ দেওয়া হয়।



Office for People With
Developmental Disabilities